# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৬৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যেই হাদীস অনভিজ্ঞ ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় যে, হাদীসটি হয়তো আমাদের উল্লেখিত ইমরান বিন হুসাইন রাদ্বিয়াল্লাহু আনহুর হাদীসের বিপরীত

ذِكْرُ خَبَرٍ قَدْ يُوهِمُ مَنْ لَمْ يُحْكِمْ صِنَاعَةَ الْحَدِيثِ أَنَّهُ مُضَادٌّ لِخَبَرِ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ الَّذِي ذَكَرْنَاهُ

আরবী

2664 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ قَالَ: حَدَّثَنَا وَهْبُ بْنُ جَرِيرٍ قَالَ: حَدَّثَنَا أَبِي قَالَ: سَمِعْتُ يَحْيَى بْنَ أَيُّوبَ يُحَدِّثُ عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ عَنْ سُوَيْدِ بْنِ قَيْسٍ عَنْ مُعَاوِيَةَ بْنِ حُدَيْجٍ قَالَ: صَلَّيْتُ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَغْرِبَ فَسَهَا فَسَلَّمَ فِي الرَّكْعَتَيْنِ ثُمَّ انْصَرَفَ فَقَالَ لَهُ رجل: يَا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّكَ سَهَوْتَ فَسَلَّمْتَ فِي الرَّكْعَتَيْنِ فَأَمَرَ بِلَالًا فَأَقَامَ الصَّلَاةَ ثُمَّ أَتَمَّ تِلْكَ الرَّكْعَةَ وَسَأَلْتُ النَّاسَ عَنِ الرَّجُلِ الَّذِي قَالَ: يَا رَسُولَ اللَّهِ إِنَّكَ سَهَوْتَ فَقِيلَ لِي: تَعْرِفُهُ؟ فَقُلْتُ: لَا إِلَّا أَنْ أَرَاهُ وَمَرَّ بِي رَجُلٌ فَقُلْتُ: هُوَ هَذَا فَقَالُوا: هَذَا طَلْحَةُ بْنُ عبيد الله.

الراوي : مُعَاوِيَة بْن حُدَيْجٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

বাংলা

২৬৬৪. মু‘আবিয়া বিন হুদাইজ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে মাগরিবের সালাত আদায় করি। অতঃপর তিনি তাতে ভুল করেন এবং দ্বিতীয় রাকা‘আতে সালাম ফেরান। তারপর তিনি চলে যান। অতঃপর এক ব্যক্তি তাঁকে বললো, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনি ভুল করেছেন এবং দ্বিতীয় রাকা‘আতে সালাম ফিরিয়েছেন। অতঃপর তিনি বিলাল রাদ্বিয়াল্লাহু আনহুকে আদেশ দিলে, তিনি সালাতের ইকামত দেন। তারপর তিনি সেই রাকা‘আত পূর্ণ করেন।”

যেই ব্যক্তি বলেছিলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনি ভুল করেছেন” আমি সেই ব্যক্তি সম্পর্কে লোকদের জিজ্ঞেস করলাম, তখন আমাকে বলা হলো, “আপনি কি তাঁকে চিনেন?” আমি বললাম, “না। তবে আমি তাকে দেখলে চিনতে পারবো। তারপর আমার পাশ দিয়ে এক ব্যক্তি গমন করলে, আমি বলি, “ইনি সেই ব্যক্তি।” তখন লোকজন বলেন, “ইনি তালহা বিন উবাইদুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহু।”[1]

## ফুটনোট

[1] হাকিম: ১/২৬১; সুনান বাইহাকী: ২/৩৫৯; মুসনাদ আহমাদ: ৬/৪০১; আবূ দাঊদ: ১০২৩; নাসাঈ: ২/১৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৯৩৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মু'আবিয়াহ ইবনু খাদীজ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91994

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন